

ফতওয়া নং ৩৩৪

প্রশ্ন

জনাব, গান বাজনা শোনা, ফিল্ম দেখা কি কবীরা গুনাহ না ছগীরা গুনাহ। দয়া করে জানাবেন।

উত্তর:

বর্তমান যুগে নতুন নতুন বাদ্যযন্ত্রের দ্রুত আবিষ্কার, গায়ক-গায়িকা ও অভিনেতা-অভিনেত্রীর সরগরম বাজার, আধুনিক রকম সুরের, গানের ভাষা ও ইঙ্গিতের ভয়ানকতা ব্যাপারটিকে বহুদূর এগিয়ে নিয়ে গিয়েছে। কাজেই তা হারাম হওয়ার ব্যাপারে আর কারোর সামান্যটুকু সন্দেহের অবকাশও থাকতে পারে না। উপরন্তু গান হচ্ছে ব্যভিচারের প্রথম ধাপ এবং গান মানুষের মধ্যে মুনাফিকীরও জন্ম দেয়। ইমাম যাহাবী (রঃ) কিতাবুল কাবায়েরের মধ্যেগান-বাজনা শ্রবণ করাকে কবীরা গুনাহের তালিকাভুক্ত করেছেন। (কিতাবুল কাবায়ের ২৩৩ পৃষ্ঠা)

রসূলুল্লাহ্ সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “আমার উম্মতের কিছু লোক মদের নাম পরিবর্তন করে তা পান করবে। আর তাদের মাথার উপর বাদ্যযন্ত্র ও গায়িকা রমনীদের গান বাজতে থাকবে। আল্লাহ তাআলা তাদেরকে যমীনে ধ্বসিয়ে দিবেন। আর তাদের কিছুকে বানর ও শূকর বানিয়ে দিবেন।” (সুনানে ইবনে মাজাহ ৪০২০, সহীহ ইবনে হিব্বান ৬৭৫৮)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী

ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।

২৬ মুহাররম, ১৪৪৬ হিজরী (02/08/2024)